# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
## ১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bscic.gov.bd


মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

স্মারক নম্বর- ৩৬.০২.০০০০.০০৫.১৬.০১৪.২০/৩৭৯(১৩৫)

তারিখ: ২২ আষাঢ় ১৪২৮ / ০৬ জুলাই ২০২১

**বিষয়:** আসন্ন ঈদুল আজহায় কোরবানিকৃত পশুর চামড়া সংরক্ষণের জন্য চাহিদা অনুযায়ী লবণ সরবরাহ ও প্রাপ্তি নিশ্চিতকরণ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় লবণনীতি অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় বিসিক লবণ শিল্পের পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব পালন করে থাকে। লবণ মাঠে লবণ চাষ, লবণ মিলে লবণ প্রক্রিয়াজাত ও আয়োডিনযুক্তকরণ এবং বাজার পর্যায়ে মনিটরিংসহ জেলা এবং উপজেলা লবণ কমিটির সদস্য সচিব হিসেবে বিসিক দায়িত্ব পালন করে আসছে। আসন্ন ঈদুল আজহায় কোরবানিকৃত পশুর চামড়া সংরক্ষণের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ের ডিলার/পাইকারী লবণ বিক্রেতাদের নিকট চাহিদা অনুযায়ী লবণ মজুদ নিশ্চিত করাসহ জেলা প্রশাসন এবং জেলা মার্কেটিং কর্মকর্তার সহায়তায় জেলা/উপজেলা পর্যায়ে অবস্থিত লবণের ডিলার/পাইকারী বিক্রেতাদের মোবাইল নাম্বারসহ তালিকা প্রণয়ন করে বিভিন্ন প্রতিষ্ঠানে (ইসলামিক ফাউন্ডেশন, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, এবং এতিমখানা ইত্যাদি) সরবরাহ করা প্রয়োজন।

এমতাবস্থায়, আসন্ন ঈদুল আজহায় কোরবানিকৃত পশুর চামড়া সংরক্ষণের জন্য জেলা/উপজেলা পর্যায়ের ডিলার/পাইকারী লবণ বিক্রেতাদের নিকট চাহিদা অনুযায়ী লবণ মজুদ রাখা নিশ্চিতকরণ এবং ডিলার/পাইকারী লবণ বিক্রেতাদের মোবাইল নাম্বারসহ তালিকা প্রণয়ন করে বিভিন্ন প্রতিষ্ঠানে (ইসলামিক ফাউন্ডেশন, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি  এবং এতিমখানা ইত্যাদি) সরবরাহ করাসহ বর্তমানে জেলাভিত্তিক মজুদকৃত লবণের তথ্য gmextension@bscic.gov.bd ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

০৬/০৭/২০২১

সংযুক্তি: লবণ সংক্রান্ত প্রতিবেদন এবং নির্দেশাবলী-১ পাতা।

(নেপাল চন্দ্র কর্মকার)
পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)
বিসিক, ঢাকা।
ফোন: ০১৫৫০-০৫৮০১৩
ইমেইল: dirpne@bscic.gov.bd

বিতরণ (কার্যার্থে):
**০১**। বিসিক জেলা কার্যালয় প্রধান (সকল)।

**অনুলিপি** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতির জন্য:
০১। সচিব, শিল্প মন্ত্রণালয়,  ৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বিসিক, ঢাকা।
০৪। জেলা প্রশাসক (সকল)।
**০৫**। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী (নিয়মিত মনিটরিং করার জন্য)।
০৬। জেলা মার্কেটিং কর্মকর্তা (সকল) (লবণের ডিলার/পাইকারী বিক্রেতাদের তালিকা প্রণয়নের সহায়তার জন্য)।
০৭। উপ-পরিচালক,  ইসলামিক ফাউন্ডেশন (সকল)
(লবণের ডিলার/পাইকারী বিক্রেতাদের তালিকা এতিমখানা ও  মাদ্রাসায় সরবরাহের সহায়তার জন্য)।
০৮। সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সকল)।
০৯। আইসিটিসেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।

# সংযুক্তি: লবণ সংক্রান্ত প্রতিবেদন এবং কার্যক্রম বাস্তবায়নের নির্দেশাবলী

জাতীয় লবণনীতি অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় বিসিক লবণ শিল্পের পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব পালন করে থাকে। বিসিক কক্সবাজারে অবস্থিত লবণ শিল্পের উন্নয়ন কর্মসূচি কার্যালয়ের আওতাধীন ১২টি লবণ কেন্দ্রের মাধ্যমে কক্সবাজার জেলার বিভিন্ন উপজেলায় এবং চট্টগ্রামের বাঁশখালীতে লবণ চাষে সার্বিক সহায়তা প্রদান এবং নিয়মিত ভাবে লবণ উৎপাদন ও মজুদ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে থাকে। পাশাপাশি দেশের লবণ প্রক্রিয়াজাতকরণ মিলসমূহকে ৮টি লবণ জোনে ভাগ করে লবণমিলসমূহ হতে নিয়মিতভাবে তথ্য সংগ্রহসহ সার্বিক কার্যক্রমে সহায়তা প্রদান করে যাচ্ছে।

চলতি লবণ মৌসুমে লবণ মাঠে ক্রুড লবণ উৎপাদন হয়েছে ১৬.৫১ লক্ষ মে. টন। চলতি লবণ মৌসুমে নতুন লবণ আসার পূর্ব পর্যন্ত পুরাতন লবণের মজুদ ৩.৪৮ লক্ষ মে. টনসহ মোট লবণের পরিমান ১৯.৯৯ লক্ষ মে.টন। ৩০ জুন, ২০২১ তারিখ পর্যন্ত লবণ মাঠ ও মিল পর্যায়ে লবণের মোট মজুদ ১১.৪৫ লক্ষ মে. টন (লবণ মাঠে ০৯.৬০ লক্ষ মে.টন এবং লবণ মিলে ১.৮৫ লক্ষ মে.টন)। এছাড়াও, দেশের বিভিন্ন জেলায়/উপজেলায় অবস্থিত ডিলার/পাইকারি/খুচরা বিক্রেতার নিকট পর্যাপ্ত লবণ মজুদ রয়েছে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য অনুযায়ী ঈদুল আজহায় সম্ভাব্য কোরবানিযোগ্য পশুর সংখ্যা ১ কোটি ১৮ লক্ষ (গরু/মহিষ ৪৫.৩৮ লক্ষ টি, ছাগল/ভেড়া ৭২.৫৬ লক্ষ টি)। কোরবানিযোগ্য পশুর সংখ্যার ভিত্তিতে (প্রতিটি গরু/মহিষের জন্য ১০ কেজি এবং ছাগল/ভেড়ার জন্য ৫কেজি) চামড়া সংরক্ষণের জন্য লবণের প্রয়োজন ৮১ হাজার ৮২০ মেট্রিক টন। সে পরিপ্রেক্ষিতে ঈদুল আজহায় দেশব্যাপী কোরবানিরকৃত পশুর চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের জন্য কম-বেশি ১ লাখ মেট্রিক টন লবণের সম্ভাব্য চাহিদা ধরা হয়েছে। এমতাবস্থায় বর্তমানে মজুদকৃত লবণ দিয়েই আসন্ন পবিত্র ঈদুল আজহায় কোরবানিরকৃত পশুর চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণসহ ভোজ্য লবণের চাহিদা পূরণ করা সম্ভব।

**আসন্ন পবিত্র ঈদুল আজহায় কোরবানিকৃত পশুর চামড়া সংরক্ষণের জন্য চাহিদা অনুযায়ী লবণ সরবরাহ ও প্রাপ্তি নিশ্চিতকরণে বিসিক জেলা কার্যালয়সমূহের জরুরি করণীয় কার্যক্রমসমূহ:**

(ক) সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎ করে সভা/আলোচনার মাধ্যমে ঈদুল আজহায় কোরবানিকৃত পশুর চামড়া সংরক্ষণের জন্য চাহিদা অনুযায়ী লবণ সরবরাহ ও প্রাপ্তি নিশ্চিতকরণ বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) জেলার ভোজ্য লবণের চাহিদা নির্ণয়ের ক্ষেত্রে জেলার মোট জনসংখ্যা এবং জনপ্রতি প্রতিদিন ১৪ গ্রাম লবণ (প্রস্তাবিত জাতীয় লবণনীতি-২০২১ অনুযায়ী) গ্রহণের পরিমাণ ধরে হিসাবে করতে হবে। একটি জেলার জনসংখ্যা ১২ লক্ষ হলে দৈনিক ভোজ্য লবণের চাহিদা হবে=১২,০০,০০০*১৪=১৬,৮০০,০০০ গ্রাম বা ১৬৮০০ কেজি বা ১৬.৮ মে. টন।

(গ) আসন্ন ঈদুল আজহায় কোরবানিকৃত পশুর চামড়া সংরক্ষণের জন্য লবণের চাহিদা নির্ণয়ের ক্ষেত্রে প্রতিটি গরু/মহিষের জন্য ১০ কেজি এবং প্রতিটি ছাগল/ভেড়ার জন্য ৫ কেজি ধরে হিসাব করতে হবে। জেলা প্রাণিসম্পদ অফিস হতে গত বছরে কি পরিমাণ পশু (গরু/মহিষ এবং ছাগল/ভেড়া) কোরবানি করা হয়েছিল বা এ বছর কি পরিমাণ পশু কোরবানির জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে তার তথ্য সংগ্রহ করতে হবে। যদি একটি জেলায় ৯৫০ টি গরু/মহিষ এবং ১৮২২ টি ছাগল/ভেড়া কোরবানির জন্য লক্ষ্যমাত্রা নির্ধারিত হয় তবে লবণের চাহিদা হবে ৯৫০*১০+১৮২২*৫=১৮৬১০ কেজি বা ১৮.৬১ মে. টন।

(ঘ) জেলা প্রশাসন এবং জেলা মার্কেটিং কর্মকর্তার সহায়তায় জেলা/উপজেলায় পর্যায়ে অবস্থিত ডিলার/পাইকারী লবণ বিক্রেতার মোবাইল নাম্বারসহ তালিকা প্রণয়ন করে বিভিন্ন প্রতিষ্ঠানে (ইসলামিক ফাউন্ডেশন, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এবং এতিমখানা ইত্যাদি) সরবরাহ করতে হবে। জেলা/উপজেলায় পর্যায়ে অবস্থিত ডিলার/পাইকারী লবণ বিক্রেতা কর্তৃক ও অন্যান্য জায়গায় লবণের মজুদ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহপূর্বক বিসিক জেলা কার্যালয় হতে নিম্নোক্ত ছকে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে এবং আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট জেলা কার্যালয় হতে প্রাপ্ত তথ্যসমূহ একীভূত করে জেলাভিত্তিক মজুদ সংক্রান্ত তথ্যাদি বিসিক প্রধান কার্যালয়ে gmextension@bscic.gov.bd বরাবর প্রেরণ করতে হবে:

| জেলার নাম: | | | | |
|---|---|---|---|---|
| উপজেলার নাম | ডিলার/পাইকারী/অন্যান্য পর্যায়ে মজুদ লবণের পরিমাণ (মে.টন) | | | মন্তব্য |
| | ভোজ্য/প্যাকেট লবণ | শিল্প/বস্তা লবণ | মোট | |
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| সর্বমোট = | | | | |

লবণ সংক্রান্ত যে কোন পরামর্শে যোগাযোগ করুন: ০১৭২২২০২৯৪০ এবং ০১৭১৫২২৩৯৪৯ ।

০৬।০৭।২০২১